

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট- “ক” তে দেখানো হলঃ

সভার শুরুতে সভাপতি মহোদয় গত ২৬/০৫/২০১৬খ্রিঃ তারিখের অনুষ্ঠিত সভার কার্য বিবরণী অত্র সভায় পাঠান্তে বিস্তারিত আলাপ আলোচনার পর উহা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।


অদ্য ০১/০৯/২০১৬খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকার সময় অত্র পৌরসভার কার্যালয়ে অভিযোগ প্রতিকার সেল(Grievance Redress Cell-GRC)কমিটির আহ্বায়ক জনাব সৈয়দ মনজুরুল কবির ১নং প্যানেল মেয়র, মেহেরপুর পৌরসভার সভাপতিত্বে অভিযোগ প্রতিকার সেল(GRC) কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উহার কার্য বিবরণীঃ-

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সভাকে অবগত করান যে, বৈদ্যুতিক লাইট স্থাপন, সীমানা নির্ধারণ, পানির লাইন সংযোগ ও বিধি বহির্ভূত গৃহ নির্মাণ ইত্যাদি সংক্রান্ত বিষয়ে প্রায় অভিযোগ আসতে থাকে। জুলাই-আগস্ট/২০১৬খ্রিঃ মাসে বেশ কয়েকটি অভিযোগ এসেছে মর্মে অবগত হওয়া গেছে। এ ধরনের পরিস্থিতি বা সমস্যার সম্মুখীন প্রায়শই হয় এবং সমাধানও করতে হয়। তাই আমাদের প্রতিটি কাউন্সিলরের উচিত যাতে এ ধরনের অভিযোগ হ্রাস পায় সেজন্য পৌরসভার দায়িত্বরূত কর্মকর্তা/কর্মচারীদের সাথে যোগাযোগ করতঃ স্বল্প সময়ের মধ্যে সমাধান করা। এ বিষয়ে কমিটির সকল সদস্যকে সজাগ দৃষ্টি রাখা উচিত। বর্তমানে আমাদের নিকট ০৮টি অভিযোগ রয়েছে। উক্ত অভিযোগগুলি নিষ্পত্তি করা প্রয়োজন। কত তারিখে কয়টার সময় এর অভিযোগগুলি নিষ্পত্তি করা যায় সে সম্পর্কে মতামত প্রদানের জন্য অনুরোধ করছি।

অত্র সভায় অভিযোগপত্র সমূহ যাচাই-বাছাই ও পরীক্ষান্তে ০৪টি গুরুত্বপূর্ণ অভিযোগ রয়েছে। উক্ত অভিযোগপত্রগুলি আগামী ০৮/০৯/২০১৬ইং তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকার সময় অভিযোগগুলি নিষ্পত্তি করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হল। তাছাড়াও ০৫টি অভিযোগ রয়েছে। উক্ত অভিযোগগুলি সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর মহোদয়কে সুবিধামত সময়ে নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো এবং ০৮/০৯/২০১৬ইং তারিখ অভিযোগগুলি নিষ্পত্তি করার লক্ষ্যে অভিযোগকারীদের উক্ত তারিখের পূর্বেই নোটিশ করা সহ অবশিষ্ট ০৫টি অভিযোগ সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগণ উক্ত স্থানে যেয়ে বা পৌর কার্যালয়ে হাজির করে সমস্যার সমাধান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অত্র পৌরসভার নব্বাকার জনাব মোঃ মাসুদ রানা মৌখিক অভিযোগের ভিত্তিতে মোছাঃ রোকেয়া বেগম জং- মৃত আব্দুল মতিন সাং- পৌর ঈদগাহপাড়া ০৭নং ওয়ার্ড ও মোঃ হামেজদ্দিন পিং- মৃত পাচু সেখ ০৪নং ওয়ার্ড মেহেরপুর হঠাৎপাড়া, মেহেরপুর পৌরসভা গৃহ নির্মাণ করছে মর্মে সরজমিনে উপস্থিত হয়ে দেখতে পান যে, উপরোক্ত ব্যক্তিদ্বয় পৌরসভার বিনানুমতিতে কোন নব্বা অনুমোদন ছাড়াই গৃহ নির্মাণ করছে। ফলে উক্ত ব্যক্তিদ্বয়কে পৌরসভা হতে নব্বা অনুমোদন পূর্বক গৃহ নির্মাণের জন্য বলিলে তারা গত ০২/০৮/২০১৬ ও ২১/০৮/২০১৬ইং তারিখ গৃহ নির্মাণ অনুমোদনের জন্য আবেদন করেন এবং নব্বা অনুমোদন পূর্বক গৃহ নির্মাণের কাজ শুরু করেন।

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(সৈয়দ মনজুরুল কবির)

প্যানেল মেয়র-০১, মেহেরপুর পৌরসভা

ও আহ্বায়ক

অভিযোগ প্রতিকার সেল কমিটি

মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে কার্যার্থেঃ-

১। সকল সদস্য অভিযোগ প্রতিকার সেল কমিটি, মেহেরপুর পৌরসভা।

২। জনাব কাউন্সিলর(সকল) মেহেরপুর পৌরসভা।